# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৫০]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৫০: সালাতের আযান দিলে তার হিফাযত করা

المحافظة على الصلوات حيث ينادى بهن

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قال: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنِ الْمَسْعُودِيِّ، عَنْ عَلِيِّ بْنِ الْأَقْمَرِ، عَنْ أَبِي الْأَحْوَصِ، عَنْ عَبْدِ اللَّهِ أَنَّهُ كَانَ يَقُولُ: مَنْ سَرَّهُ أَنْ يَلْقَى اللَّهَ عَزَّ وَجَلَّ غَدًا مُسْلِمًا فَلْيُحَافِظْ عَلَى هَؤُلَاءِ الصَّلَوَاتِ الْخَمْسِ حَيْثُ يُنَادَى بِهِنَّ فَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ شَرَعَ لِنَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُنَنَ الْهُدَى وَإِنَّهُنَّ مِنْ سُنَنِ الْهُدَى وَإِنِّي لَا أَحْسَبُ مِنْكُمْ أَحَدًا إِلَّا لَهُ مَسْجِدٌ يُصَلِّي فِيهِ فِي بَيْتِهِ فَلَوْ صَلَّيْتُمْ فِي بُيُوتِكُمْ وَتَرَكْتُمْ مَسَاجِدَكُمْ لَتَرَكْتُمْ سُنَّةَ نَبِيِّكُمْ وَلَوْ تَرَكْتُمْ سُنَّةَ نَبِيِّكُمْ لَضَلَلْتُمْ وَمَا مِنْ عَبْدٍ مُسْلِمٍ يَتَوَضَّأُ فَيُحْسِنُ الْوُضُوءَ ثُمَّ يَمْشِي إِلَى صَلَاةٍ إِلَّا كَتَبَ اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ بِكُلِّ خُطْوَةٍ يَخْطُوهَا حَسَنَةً أَوْ يَرْفَعُ لَهُ بِهَا دَرَجَةً أَوْ يُكَفِّرُ عَنْهُ بِهَا خَطِيئَةً وَلَقَدْ رَأَيْتُنَا نُقَارِبُ بَيْنَ الْخُطَا وَلَقَدْ رَأَيْتُنَا وَمَا يَتَخَلَّفُ عَنْهَا إِلَّا مُنَافِقٌ مَعْلُومٌ نِفَاقُهُ وَلَقَدْ رَأَيْتُ الرَّجُلَ يُهَادَى بَيْنَ الرَّجُلَيْنِ حَتَّى يُقَامَ فِي الصَّفِّ .

تخريج دارالدعوه: صحيح مسلم/المساجد ۴۴ (۶۵۴)، سنن ابی داود/الصلاة ۴۷ (۵۵۰) مختصراً، وقد أخرجه: (تحفة الأشراف: ۹۵۰۲)، مسند احمد ۱/۳۸۲، ۴۱۴، ۴۱۵، ۴۱۹، ۴۵۵ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 850 ـ صحيح

বাংলা

৮৪৯. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ..... 'আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলতেন, যে ব্যক্তি আগামীকাল আল্লাহ তা'আলার সঙ্গে একজন মুসলিম হিসেবে দেখা করার আশা রাখে সে যেন পাঁচ ওয়াক্ত সালাতের হিফাযত করে, যখন তার আযান দেয়া হয়। আল্লাহ তা'আলা তার রসূল (সা.) -কে হিদায়াতের নিয়মাবলী বর্ণনা করেছেন, আর ঐগুলো হিদায়াতের নিয়মের অন্তর্গত। আর আমি ধারণা করি, তোমাদের প্রত্যেকের ঘরে একটা সালাতের স্থান রয়েছে। অতএব, যদি তোমরা তোমাদের ঘরে সালাত আদায় কর আর তোমাদের মসজিদ পরিত্যাগ কর তাহলে তোমরা তোমাদের নবী (সা.)-এর তরীকা ছেড়ে দিলে। আর যদি তোমরা নবী (সা.) -এর তরীকাই ছেড়ে দিলে তাহলে তোমরা বিপথগামী হলে। আর কোন মুসলিম এমন নেই যে, উত্তমরূপে উযূ করে, পরে সে সালাতের জন্যে পায়ে হেঁটে যায় কিন্তু আল্লাহ তা'আলা তার প্রত্যেক পদক্ষেপে একটি নেকী লেখেন না। অথবা তার জন্যে তার মর্যাদা উন্নত করে দেন না। অথবা তদ্বারা তার একটি পাপের প্রায়শ্চিত্ত করেন না। আমি দেখেছি আমরা সবসময় কাছাকাছি পা ফেলে চলতাম আর তা থেকে বিরত থাকে না কেউ ঐ মুনাফিক ব্যতীত যার নিফাক প্রকাশ্য। পক্ষান্তরে আমি দেখেছি, কোন ব্যক্তি দুই ব্যক্তির কাঁধে ভর করে চলত। অবশেষে তাকে দাঁড় করানো হত কাতারে।

## English

50. Regularly Attending The Prayers When The Call Is Given

It was narrated that 'Abdullah said: Whoever would like to meet Allah tomorrow as a Muslim, let him regularly attend these five (daily) prayers whenever the call for them is given (that in the mosques), for Allah prescribed for His Prophet the ways of guidance, and they (the prayers) are part of those ways of guidance. I do not think that there is anyone among you who does not have a place where he prays in his house. But if you were to pray in your houses and forsake the Masjids, you would be forsaking the Sunnah of your Prophet, and if you were to forsake the Sunnah of your Prophet you would go astray. There is no Muslim slave who performs Wudu and does it well, then walks to the prayer, but Allah will record one Hasanah (good deed) for each step he takes, or raise' him one level by it or erase one sin from him. I remember how we used to take short steps, and I remember (a time) when no one stayed behind from the prayer except a hypocrite whose hypocrisy was well known. And I have seen a man coming Supported by two others until he would be made to stand in the row.

### ফুটনোট

সহীহ: মুসলিম ৬৫৪, আবু দাউদ ৫৫০, মুসনাদে আহমাদ ৩৯৩৬, ইবনু মাজাহ ৭৭৭, সহীহ: ইবনু খুযায়মাহ ১৪৮৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87223

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন